# হরমুজ প্রণালী খুলতে যুক্তরাষ্ট্রকে একাধিক শর্ত দিল ইরান



ছবি: সংগৃহীত

হরমুজ প্রণালি আবার খুলে দিতে যুক্তরাষ্ট্রের কাছে কয়েকটি দাবি জানিয়েছে ইরান। দেশটির ইসলামিক রেভল্যুশনারি গার্ড কর্পস (আইআরজিসি) জানিয়েছে, নৌ অবরোধ প্রত্যাহার, ইরানের ওপর থেকে নিষেধাজ্ঞা তুলে নেওয়া এবং মার্কিন সেনা প্রত্যাহার করতে হবে।

যুদ্ধে ইরানের যে ক্ষয়ক্ষতি হয়েছে, তার ক্ষতিপূরণ দেওয়ার দাবিও জানিয়েছে তেহরান। একই সঙ্গে ইরানের বিরুদ্ধে সামরিক অভিযান ও হুমকি বন্ধ এবং জব্দ করা ইরানি সম্পদ ছেড়ে দেওয়ার শর্ত দেওয়া হয়েছে।

আইআরজিসি বলেছে, এসব শর্ত পূরণ না হওয়া পর্যন্ত হরমুজ প্রণালি পুনরায় খুলবে না ইরান। কৌশলগতভাবে গুরুত্বপূর্ণ এই নৌপথ দিয়ে জাহাজ চলাচল স্বাভাবিক করতে হলে যুক্তরাষ্ট্রকে এসব দাবি মেনে নিতে হবে।

এদিকে যুক্তরাষ্ট্রের ভাইস প্রেসিডেন্ট জেডি ভ্যান্স জানিয়েছেন, ইরানের নেতারা তাদের বলেছেন, হরমুজ প্রণালি দিয়ে চলাচলকারী জাহাজ থেকে টোল আদায়ের কোনো পরিকল্পনা নেই।

তবে ভ্যান্স বলেন, ওয়াশিংটন চায় হরমুজ প্রণালিতে জাহাজ চলাচলের ওপর হামলা বন্ধের বিষয়ে ইরান স্পষ্ট নিশ্চয়তা দিক।